

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:19-04-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

General Election:

অষ্টাদশ লোকসভা নির্বাচনের প্রথম পর্বের ভোটগ্রহণ আজ সকাল সাতটা থেকে শুরু হয়েছে। বিকেল পাঁচটা পর্যন্ত ভোট নেয়া হবে। আজ প্রথম দফায় মোট পাঁচশ তেতাল্লিশটি আসনের মধ্যে ১৭টি রাজ্য ও ৪টি কেন্দ্রশাসিত অঞ্চলের ১০২টি আসনে ভোট গ্রহণ করা হচ্ছে। এরমধ্যে অরুণাচল প্রদেশে দু'টি, আসামে ৫টি, বিহারে ৪টি, মধ্যপ্রদেশে ৬টি, মহারাষ্ট্রে ৫টি, মনিপুর ও মেঘালয়ে দুটি করে আসনে ভোট গ্রহণ করা হবে। তাছাড়া রাজস্থানে ১২টি, তামিলনাড়ুতে ৩৯টি, উত্তরপ্রদেশে ৮টি, উত্তরাখণ্ডে ৫টি, পশ্চিমবঙ্গে ৩টি, দাদরা নগর হাভেলি, দমন দিউতে দু'টি করে এবং দিল্লিতে ৭টি আসনে প্রথম দফায় একটি করে আসনে ভোটগ্রহণ করা হবে। ত্রিপুরা, ছত্রিশগড়, মিজোরাম, নাগাল্যান্ড, সিকিম, আন্দামান নিকোবর, চন্ডিগড়, লাদাখ, লাক্ষাদ্বীপ ও পুদুচেরিতে একটি করে আসনে আজ ভোট নেয়া হচ্ছে।

নির্বাচন অবাধ ও সুষ্ঠু ভাবে সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশন, আরক্ষা ও সাধারণ প্রশাসনের তরফে ব্যাপক প্রস্তুতি নেয়া হয়েছে। ভারতের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার সমস্ত ভোটদাতাদের নির্ভয়ে ও উৎসবের মেজাজে তাদের গুরুত্বপূর্ণ গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করার আহ্বান জানিয়েছেন।

Election-West Tripura & Ramnagar :

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচন ও রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোট গ্রহণ হচ্ছে আজ। রাজ্য নির্বাচন দপ্তর সূত্রে জানা গেছে, আজ সকাল ৭টা থেকে ভোট গ্রহণ শুরু হয়েছে। বিকেল ৫টা পর্যন্ত ভোট নেওয়া হবে। পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনে আজ ৯ জন প্রার্থী যাদের ভাগ্য নির্ধারণ করা হবে। তারা হলেন বিজেপির বিপ্লব কুমার দেব, ইন্ডিয়া জোট সমর্থিত কংগ্রেসের আশিস কুমার সাহা, রিপাবলিকান পার্টি অফ ইন্ডিয়া-(এ)র আইনজীবী অর্ণব রায়, এস ইউ সি আই (সি) র অরুণ ভৌমিক, নির্দল প্রার্থী গৌরী শংকর নন্দী, মিলন পদ মুড়া সিং, রমেন্দ্র রিয়াং, বলরাম দেববর্মা ও ব্রজলাল দেবনাথ। তাছাড়া রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন বিজেপি প্রার্থী দীপক মজুমদার ও ইন্ডিয়া জোট সমর্থিত সিপিআইএম প্রার্থী রতন দাস।

Vote:

আজ সকাল সকাল অনেক ভোটকেন্দ্রেই ভোটারদের উৎসাহের সঙ্গে ভোট দিতে লাইন দিয়ে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। ভোট গ্রহণের বর্তমান পরিস্থিতি সম্পর্কে জানতে আমরা এখন যোগাযোগ করব আমাদের প্রতিনিধি সরযু চক্রবর্তীর সঙ্গে.....

#####Byte#####

Vote Force :

পশ্চিম ত্রিপুরা লোকসভা আসন নির্বাচনে এবং রামনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোট গ্রহণ পর্ব সুষ্ঠু এবং শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে রাজ্য পুলিশের পক্ষ থেকে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। সবমিলিয়ে ১৪ হাজার নিরাপত্তা কর্মীকে নির্বাচনে নিরাপত্তার কাজে মোতায়েন করা হয়েছে। এছাড়া পশ্চিম ত্রিপুরা লোকসভা আসনে এবং রামনগর বিধানসভা আসনে ৪৩৯ জন পুলিশ সেক্টর অফিসার নিযুক্ত করা হয়েছে। পশ্চিম

ত্রিপুরা লোকসভা আসনে মোট ৬৭৭টি ভোট কেন্দ্রকে সংকটপূর্ণ হিসাবে চিহ্নিত করা হয়েছে। তিনি আরো জানান, প্রতিটি ভোট কেন্দ্রে চারজন করে কেন্দ্রীয় নিরাপত্তা কর্মীকে মোতায়েন করা হয়েছে। তাছাড়া ভোট কেন্দ্রের বাইরে আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে থাকবে পুলিশ ও টি.এস.আর।

Governor appeal :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ এবং আগামী ২৬শে এপ্রিলের নির্বাচনে ভোটারদের মূল্যবান ভোটাধিকার প্রয়োগ করতে আহ্বান জানিয়েছেন। এক বার্তায় তিনি বলেন, ভারতবর্ষ বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক দেশ। এদেশের সংবিধান অনুযায়ী নির্বাচনে ভোটদানের মধ্য দিয়ে সবার মত প্রকাশ করার অধিকার রয়েছে। তাই নির্বাচন সবার কাছে উৎসবতুল্য এবং প্রতিটি ভোটই মূল্যবান।'

CEO APPEAL TO VOTERS :

রাজ্যের মুখ্য নির্বাচনী অধিকারীক পুনীত আগরওয়াল পশ্চিম ত্রিপুরা লোকসভা আসন ও রামনগর বিধানসভা আসনের উপনির্বাচনে ভোটারদের নির্ভয়ে ও উৎসবের মেজাজে ভোটদানের জন্য ভোটারদের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি গতকাল সন্ধ্যায় আকাশবাণীকে জানান, শান্তিপূর্ণ ভোটে'র জন্য রাজ্য নির্বাচন দপ্তরের পক্ষ থেকে সব ধরনের ব্যবস্থা করা হয়েছে।

Death due to lightning:

তেলিয়ামুড়া থানাধীন চামপ্লাই গ্রামে বাড়ির উঠোনে বজ্রঘাতে মৃত্যু হল এক পঞ্চাশ উর্দ্ধ কৃষকের। মৃত কৃষকের নাম বিশ্বস্তর বৈদ্য। গতকাল বিকেলে

ঝড়-বৃষ্টিতে তিনি বজ্রদণ্ড হন। তেলিয়ামুড়া হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন।

Weather :

আগামী চব্বিশ ঘন্টায় রাজ্যের পশ্চিম, দক্ষিণ এবং সিপাহীজলা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এছাড়া বাকি সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় চল্লিশ থেকে পঞ্চাশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রির কাছাকাছি থাকবে।
